In the judgment given in the case of the late District Moonsiff of Karkal, Zilla Mangalore, a case which we mean to discuss presently, Mr. Thomas remarked that *all the Moonsiffs in India are currupt.* Now this was a notion which he might have profitably kept to himself. First of all, he makes himself liable to criminal prosecution by such a remark, and places himself at the mercy of every Moonsiff in India. And in the second place he gives unmistakeable evidence that, though a District Magistrate and a very great man in his own opinion, he is neither more nor less than a goose. It is impertinent to make such a remark in the judgment of a case of a particular individual, and it is sheer stupidty not to see that for a man to make the assertion that all the Moonsiffs of India are currupt, it is not only necessary for him to know all the Moonsiffs in India, but to know also that that they are given to currupt practices.

Now fancy what would be the fate of a Moonsiff charged with bribery before a zealous Magistrate entertaining such notions. Such fate however befell C. Narayana Swami Aiyar, the late district Moonsiff of Karkal, District Mangalore, a man of the highest respectability, well known to the Prime Ministers of Holkar and Travankore, and of superior education. But all Moonsiffs in India are currupt and Mr. Thomas had a duty to perform. There was one of the currupt native Moonsiffs before him charged with bribery, and he brought to bear his usual sannyasi-burial burning zeal, not to inquire whether the accused was guilty or not, of that he was quite certain before even the case was instituted, but to bring him under the meshes of the law.

But yet for all that it was not necessary to assault the poor Barrister who undertook the defence of the Moonsiff. He had abundant powers under the law of the land, not only to punish the guilty but also whom he fancied so. Yet Mr. Thomas took the unnecessary precaution of expelling the poor Counsel first so as to leave the coast clear for his operations. Now hear what Mr. Maskell the Counsel engaged for the Moonsiff says in his petition to Mr. Thomas which we print in leading type :—

1.—"W. H. Maskell, Counsel for the defendant, wishes here with all possible respect, deference and submission to place on record what seems to him, the prejudiced, biased and unjudge-like conduct of the District Magistrate during the investigation of the above case. Vakeels for the prosecution are allowed unlimited liberty and are treated with every courtesy and respect. They are further allowed, without let or hindrance to put all manner of irrelevant, ridiculous and absurd questions in cross-examination, when he was obliged to prove to the satisfaction of the Court that there is reason for putting almost every question to the witnesses for the prosecution, and when he raises objections to any question put by the Vakeels of the prosecution to defence witnesses, he is treated in a rough, ungentlemanly and discourteous manner by the District Magistrate.

2. "He further wishes to state that when once he raised a legitimate objection as regards some point in cross-examination of the 2nd witness for the defence, the District Magistrate so far forgot himself as to threaten to turn him out and sent for two Constables into Court in order to display his great authority, to lower his position and show plaintiff and his Vakeels he heartily espouses their side.

3. "He further has to state that this is not the first time, while in Court, that the Magistrate has behaved to him in this unaccountable manner. The Magistrate speaks to him rudely and defiantly, apparently with the object of making him commit a contempt of court. He now hurriedly places this abridged statement of facts on record but as soon as he is able, intends submitting a full report of his unjust treatment to a higher tribunal. He is also prepared to make an affidavit in support of the above statements.

4. "W. H. Maskell, Counsel, in above case, declines addressing the Court in behalf of the defendant as he feels fully convinced from the prejudiced behaviour and remarks of the District Magistrate towards himself, the defendant and the defendant's witnesses (*vide* petition put in by Counsel and defendant) that the District Magistrate has resolutely

5. "He further has to state that although the case for the defence is not yet closed, two of the defendant's witnesses have already been placed under arrest for giving evidence in behalf of the defence."

We had heard of a Muktiar, in a distant district of Bengal, to have been made to stand, with a pair of shoes on his head, because he ventured to present himself before the august presence of the Magistrate with his shoes on; we have heard of the case of a Muktiar whose ears were pulled and many other cases in which the same class of useful men were roughly treated by the lords of districts. We fancied that the Muktiars served a very useful purpos in being instruments, where Magisterial wrath found a proper vent and where it was spent. Little did we dream that in the benighted Province of Madras, the Barristers served the same purpose as the Muktiars did here.

As the accused was a Moonsiff and therefore currupt, Mr. Thomas had sufficient cause of quarrel with him; but the Moonsiff added insult to injury by raising an objection against the interference of the Magistrate in the execution of civil decrees. Baboo Atul Krishna Ghose, the Bengal Moonsiff, came in contact with a Magistrate and lost his appointment, and there was a friction between the Mangalore Moonsiff and the Magistrate. So there was a pleasure in his duty, and with zest he took upon himself to perform it. While the Munsiff was sitting in Court, he dragged him from there, leaving the pleaders, plaintiffs, defendants, and witnesses to manage their affairs as best as they can. The Moonsiff was then sent back under custody to make over the seals &c. to the Head Gomasta. It might be said that the Magistrate might have taken this step before he dragged the Moonsiff to his court; but then the sight of a Native Judicial officer dragged from his court during office-hours, while perhaps taking down the statement of witnesses, or writing a judgment, with a pen in hand, and the people aghast with terror and wonder, that was a spectacle which was too good to be lost.

Be it known however that this was done *prior* to any complaint, so we can come to the only conclusion that it was done for the sake of the spectacle. The illegal trespass of the Magistrate into the house of the Moonsiff is a minor matter in comparison to the above. The Moonsiff was however found guilty, imprisoned and fined. If the fine was not paid there was an alternative punishment. The Moonsiff was a stranger there and spoke a different language from the people where he was sent to serve. He had therefore no friends there, and when he was sent to prison, his wife herself was obliged, on the following day, to go to the Head quarters of the Zillah for immediate appeal. Mr. Thomas got notice of this fact, and while she was in her carriage detained her there and demanded the payment of her husband's fine. Her position was not altogether an enviable one. Alone, in a strange place, amongst strangers, her husband in confinement, she detained in carriage, the position of the Brahmin lady excited no feeling in the breast of Mr. Thomas. He was doing his duty and only demanding of the wife the fine that was inflicted on her husband, which the husband never refused to pay, and the usual time for payment of the said fine being not over. Brave man, he was not to be moved from the path of duty by women's tears and he compelled her then and there to part with her jewels!!

We who treat our ladies cruelly, and the Europeans who treat theirs with chivalrous deference, have different notions of the respect due to the fair sex, so our opinion in this matter may not be worth much. But yet a man in this part of the world, who treat a lady, in the position of the Moonsiff's wife, in the manner she is alleged to have been treated by Mr. Thomas, would have been sim[illegible] put down for a——monster. But as we said, As[illegible] notions in these matters may not be worth m[illegible] in the eyes of civilized and chivalrous Europeans.

To go into the details of the cases instituted against the Moonsiff is not our purpose and may tire the patience of our readers. It may not be also necessary, after all that has been stated have, to shew how the cases were conducted. We have already seen what Mr. Maskell the Counsel for the defendant, said in the concluding para of his petition. He said that "although the case for the defence is not yet closed, two of the defendant's witnesses have already been placed under arrest for giving evidence in behalf of the defence." The Counsel made over to two constables, the witnesses for defence arrested for perjury, this was the way in which Mr. Thomas conducted the cases against the Moonsiff.

Four cases were at once instituted against the Moonsiff. All these cases were for bribery. The complainants who gave the bribe were not only not prosecuted but offered compensation. The first serious difficulty was to obtain sanction of the High Court, for it was distinctly laid down that such cases against judicial officers could not be entertained without the previous sanction of the High Court. But Mr. Thomas obviated the difficulty by obtaining one from the Civil Judge who was a new comer. The second difficulty was to get an able native hand who would help him in preparing

বাখরগঞ্জ জেলার অন্তর্গত বাউফল থানার এলা-কার মধ্যে বি গত ঝড়ে যত মনুষ্য বিনষ্ট হইয়াছে তাহার তালিকা নিম্নে প্রদর্শিত হইল।

গ্রামের নাম	অধিবাসীর সংখ্যা	মৃতের সংখ্যা
বড় ডালিমা	৯৪৩	৩৪১
খার চর	২৪৮	৬৯
তাতের কাটী	৯১৮	২৬৮
ছোট ডালিমা	৬২১	২৬৯
কয়া	৭২৭	২৪১
বোগী	৯১	৮০
চর ঢন ঢনিয়া	৩৫	২৫
বগুড়া কাঁঠ লবাড়িয়া	৮২৭	৪১০
চর হোশনাবাদ	১৮২	৯৯
গহানী	৮৬০	৫১৬
কর্পুরকাটী	৭২৪	৩১৮
দক্ষিণ দাসপাড়া	৫৮৪	৩৮৪
বাঁশবাড়িয়া	১১০০	৬০৬
বরমপুরা	৪৩৬	১১৮
উত্তর আদমপুরা	৩১১	১১২
সোনারকাটি	৫০	৩৪
আদমপুরা	২০৬৬	৩১৯
শৌলা	১১৫	৮৯
	১০৮৪০	৪৩৬৮

আমরা অনুরুদ্ধ না হইলেও বাবু প্রাণনাথ দত্ত এবং কোম্পানীর নীলের হাটের যাহাতে উন্নতি হয় তজ্জন্য এ দেশীয় নীলকরদিগকে আমরা অনুরোধ করিতাম। এ পর্য্যন্ত নীলের হাট সাহেবদের একচেটিয়া ছিল। প্রাণনাথ বাবু তাঁহাদের এই একচেটিয়া বানিজ্য ধ্বংশের জন্য প্রথম যত্নশীল হইয়াছেন। যখন সাহে-বেরা কেবল নীলের ব্যবসা করিতেন তখন বাঙ্গালিরা যত্ন করিলে বোধ হয় হাট স্থাপনে কৃতকার্য্য হইতে পারিতেন না। এখন এ দেশে যে নীল উৎপন্ন হয় তাহা কেবল সাহেবেরা উৎপন্ন করেন না, এ দেশীয়রা-ও অনেক এখন নীল প্রস্তুত করিতেছেন। এখন এ দেশীয় কেহ নীলের হাট স্থাপন করিতে যদি যত্নশীল হন এবং তিনি যদি প্রকৃত উদ্যোগী ও উপযুক্ত এবং বিশ্বাসী লোক হন, তাহা হইলে দেশহিতৈষী ব্যক্তি মাত্রের তাহার কার্য্যে উৎসাহ প্রদান করা কর্ত্তব্য। আবার যদি এ রূপ কার্য্যে উৎসাহ প্রদানের সঙ্গে নীলকর দিগের নিজের স্বার্থ থাকে তাহা হইলে বোধ হয় নির্ব্বোধ ভিন্ন এরূপ কার্য্যে আর কেহ উৎসাহ প্রদান করিতে ঔদাস্য দেখাইবেন না। বাবু প্রাণনাথ দত্ত বলিতেছেন যে যাহারা তাহার হাটে নীল বিক্রে-য়ার্থে উপস্থিত করিবেন তিনি অপর হাট অপেক্ষা উহা উচ্চ দরে বিক্রয় করাইয়া দিবেন। আমরা প্রাণ নাথ বাবুকে জানি, তাহাকে কলিকাতার অনেক প্রধান লোকও জানেন। তিনি এক জন সামান্য বণিক নন, তিনি নিমতলার বিখ্যাত দত্ত বংশোদ্ভুত, এক জন জমিদার ও কৃত বিদ্য এবং তিনি যাহা প্রতিজ্ঞা করিতে-ছেন তাহা যে অলীক হইবে না। এ বিষয় বোধ হয় অনেকে আমাদের ন্যায় বিশ্বাস করেন।

আগামী ১৯এ ডিসেম্বরে বাঙ্গলার লেঃ গবর্ণর স্পেশিয়াল ট্রেনে দিল্লী যাত্রা করিবেন। এই রূপ রাষ্ট্র হইয়াছে যে, তিনি অমনি বোম্বাই গমন করিবেন। এটি মিথ্যা জনরব। এখন পর্য্যন্ত যে বন্দবস্ত আছে তাহাতে তাঁহার মার্চ মাসের পূর্ব্বে এখান হইতে গমন করার কোন সম্ভাবনা নাই। সার রিচার্ড টেম্পেল বোম্বাইয়ে গবর্ণর নিযুক্ত হইয়াছেন শুনিয়া বোম্বাই-বাসীরা অতিশয় সন্তুষ্ট হইয়াছেন।

তুর্কি সম্বন্ধে কি করা কর্ত্তব্য তাহা সাব্যস্ত করিবার নিমিত্ত কনেষ্টান্টিনোপলে যে সভার উপবেশন হই-বার কথা ছিল সে সভা বসিয়াছে। প্রথম দিনের কার্য্যের ভাব দেখিয়া অনেকে আশা করিতেছেন যে গোল সহজে নিষ্পত্তি হইবে।

বাঙ্গলায় ইডেন সাহেব গবর্ণর হইবেন এই সম্বাদ দিন দিন রাষ্ট্র হইতেছে, তবে এখন ইহার কোন সঠিক সম্বাদ প্রকাশ হয় নাই। ইডেন সাহেব এই পদে নিযুক্ত হইলে বোধ হয় এদেশের অনেকে সন্তুষ্ট হইবেন।

বিজ্ঞাপন।

খোয়াগিয়াছে।

এক থলিয়া চাবি।

মিস্সুয়ার্স স্কট টমসন এণ্ড কোম্পানির বাটী এবং জংশন রেড় বোড এবং ফোর্ট এন্ট্রান্সের মধ্যে কোন স্থানে উক্ত চাবির থলিয়াটী হারাইয়াছে। যে ব্যক্তি উহা পাইয়া থাকেন তিনি উহা অমৃত বাজার পত্রিকার প্রিন্টারের নিকট আনিয়া দিলে যথেষ্টরূপে পুরস্কৃত হইবেন।

সংবাদ।

—রুশ দেশের সম্বাদ পত্রের গ্রাহকেরা তিন মাস অন্তর কাগজের মুল্য পাঠান এবং প্রধান২ সম্বাদ পত্র রাস্তাতে অন্যান্য পণ্য দ্রব্যের ন্যায় বিক্রয় হয়। ইংলণ্ড ও অপর স্থানের সম্বাদ পত্রের এক বৎসরের মুল্য অগ্রিম দেওয়ার রীতি আছে। এ সমুদয় দেশেও রাস্তাতে অন্যান্য দ্রব্যের ন্যায় সম্বাদ পত্র বিক্রয় হয়। আমাদের দেশের কোন২ সম্বাদ পত্র রাস্তাতে বিক্রয় হইয়া থাকে, তবে পদস্থ সম্বাদ পত্র প্রায় রা-স্তাতে বিক্রয় হয় না। তবে ইংলিশম্যান প্রভৃতি কেবল রেলওয়ে ষ্টেশনে বিক্রয় হইয়া থাকে। আমাদের দেশে আর একটী রীতি আছে। রুশেরা তিন মাসের মুল্য পূর্ব্বে প্রদান করে, ইংলণ্ডে এক বৎসরের মুল্য অগ্রে প্রদান করার রীত আছে, আমাদের দেশে গ্রাহকেরা প্রায় ইচ্ছাপূর্ব্বক কাগজের মুল্য দিতে চাহেন না।

—সিপায়ী যুদ্ধের বিষয় যাহারা অবগত আছেন তাহাদের বোধ হয় স্মরণ হইবে যে, যুদ্ধ আরম্ভ হইবার পূর্ব্বে কতক গুলি লোক আসিয়া বিনা মুল্যে রুটী বি-তরণ করিয়া ছিল। সম্প্রতি বোম্বাই অঞ্চলে অবার এই রূপ রুটী বিতরণ করা আরম্ভ হয়। এই ঘটনা দেখিয়া ইংরাজদিগের মনে ভয় হয় আবার বুঝি সিপায়ী যুদ্ধ আরম্ভ হইল। পোলিস এই নিমিত্ত ইহার অনুসন্ধান করিতে প্রবর্ত্ত হন কিন্তু যাহারা এই রূপ রুটী বিতরণ করিতেছে তাহাদের কোন রূপ দুষ্ট অভিসন্ধি এখন প্রকাশ পায় নাই। বোম্বাইর যে সমুদয় স্থানে দুর্ভিক্ষ উপস্থিত হইয়াছে সেই খানে লোকে এই রূপ রুটী বিনা মূল্যে বিতরণ করিতেছে। দুর্ভিক্ষ প্রপীড়িত ব্যক্তি-দিগকে সাহায্য করা যে এই বিতরণের কেবল উদ্দেশ্য তাহা বোধ হয় অনায়াসে বুঝা যাইবে। তবে যাহার ছেলেকে কুমীরে ধরে তাহার ঢেঁকি দেখিয়াও ভয় করে।

—আমরা শুনিলাম দরবারের সময় এ দেশীয় কতক গুলি লোক সি, এস, আই উপাধি প্রাপ্ত হইবেন। অনেকে অনুমান করিতেছেন এই উপলক্ষে রাজা নরেন্দ্র কৃষ্ণ সি, এস, আই উপাধি প্রাপ্ত হইবেন। নবাব আমির আলিও এই উপাধি পাইবেন। আমরা দেখিলাম ইণ্ডিয়া গেজেটে তাঁহার নামের পর সি এস আই উপাধি ব্যবহৃত হইয়াছে। এখন নবাব গনি মিয়া ও নবাব আমির আলিতে আর কোন ইতর বিশেষ থাকিল না। মুর্শিদাবাদের নাজিমের ধন সম্পত্তি ও দেনা লইয়া গবর্ণমেণ্ট কিছু গোলযোগে পড়েন, আমির আলির সাহায্যে গবর্ণমেণ্ট এই বিপদ হইতে উদ্ধার হন এবং সেই নিমিত্ত তিনি গবর্ণমেণ্ট হইতে এই সমুদয় সম্মানসূচক পদ প্রাপ্ত হইলেন।

—গবর্ণমেণ্ট এদেশীয় যত স্বাধীন রাজা ও নবাব আছেন তাহাদের সকলকে নিমন্ত্রণ করেন। ইহার মধ্যে অনেকে নানা কারণে নিমন্ত্রণ গ্রহণে শক্ত হন নাই। দিল্লীতে বোধ হয় ৬৮ জন স্বাধীন রাজা উপ-স্থিত হইতেছেন। ইহারা অনেকেই স্পেশিয়াল ট্রেনে দিল্লী গমন করিবেন। হিসাব করিয়া দেখা হইয়াছে এখন হইতে বড় দিনের মধ্যে দিল্লীতে এক শতের অধিক স্পেশেল ট্রেন গমন করিবে। স্পেশেল ট্রেনের নিমিত্ত এখন নিয়ম মত ডাক আসিতেছে না।

—বিলাতে একটু একটু করিয়া সামাজিক রীতির পরিবর্ত্তন হইতেছে। যখন যুবরাজ হিন্দু মহিলা দর্শন করিবার নিমিত্ত হিন্দু পরিবারে প্রবেশ করেন তখন ইংলণ্ড হইতে এক জন দেশীয় পরিবার প্রণালী সুখ্যাতি করিয়া আমাদিগকে পত্র লিখেন। সম্প্রতি ডেলিনিউসের লণ্ডনস্থ সংবাদদাতা লিখিয়াছেন যে ইংলণ্ডে যাহারা আইনের আশ্রয় গ্রহণ করিয়া বিছিন্ন হইতেছেন এরূপ স্বামী ও স্ত্রীর বিবাহ হওয়া দুষ্কর হইয়া উঠিতেছে। ধর্ম্মযাজকেরা তাহা-দিগকে পুনর্ব্বার বিবাহ সূত্রে আবদ্ধ করিতে অস্বীকৃত হইতেছেন। খৃষ্টানদিগের এক স্ত্রী থাকিতে আর স্ত্রী গ্রহণ করার বিধি নাই। পাদরি বলেন যে যদিও আইন অনুসারে স্বামীও স্ত্রী পরস্পর বিছিন্ন হন তথাচ ধর্ম্মানুসারে তাহারা বিছিন্ন হইয়াছে এরূপ বিবেচনা করা যাইতে পারে না। এই নিমিত্ত তাহারা এরূপ অবস্থাতে বিবাহ করা ধর্ম্ম বিরুদ্ধ কাজ মনে করেন।

—মান্দ্রাজের হাকিম হওয়া কঠিন কাজ। আমাদের ইংরাজি স্তম্ভে এক জন মুন্সেফের কষ্টের বিষয় আমরা প্রকাশ করিলাম। আবার এখানে আর একটী মুন্সেফের কষ্টের বিষয় আমরা প্রকাশ করিতেছি। মান্দ্রাজের কোন একটি গ্রামে একটী দুশ্চরিত্রা কোরাণী বাস করে। তাহার উপপতির সঙ্গে তাহার বিবাদ হয় এবং সে এই নিমিত্ত মুন্সেফের নিকট অভিযোগ করে। মুন্সেফ দুর্ব্বুদ্ধি ক্রমে কোরাণীর মোকর্দ্দমা অগ্রাহ্য করেন। সে ইহাতে একেবারে রাগে উন্মত্ত হইয়া তাহার উপপতির প্রাণ নষ্ট করিবার উদ্দেশে তাহার স্কন্ধের উপর লাফা-ইয়া পড়ে। মুন্সেফ গোলমাল দেখিয়া লোক দিয়া তাহাদিগকে ছাড়াইয়া দেন। কোরাণীর মুন্সেফের উপর ইহাতে আরো রাগের উদয় হয়। সে মুন্সেফকে বলে যে তিনি তাহাকে যেমন হারাইয়া দিলেন সে তেমনি তাহার পুত্রকে পাতকুয়াতে নিক্ষেপ করিয়া হত্যা করিবে এবং তাহার সন্তান হত্যা করিয়া আপনিও ঐ রূপ হত হইবে। সে যখন এই রূপ ভয় প্রদর্শন করে মুন্সেফ তখন ইহা গ্রাহ্য করেন না কিন্তু তাহার পর দিন প্রত্যূষে দেখেন যে সত্য সত্যই তাহার পুত্রের মৃত দেহ পাতকুয়ার মধ্যে পতিত রহিয়াছে।

—আজ কিছু দিন হইল বনগ্রামের মহকুমাতে একটী দরিদ্র স্ত্রীলোক এক জনকে দেশীয় টিকা দিয়াছিল। তাহার টিকা দেওয়ার পূর্ব্বে গবর্ণমেণ্ট বনগ্রাম বিভাগে ইংরাজি টিকা প্রচলিত করেন। স্ত্রীলোকটী তাহা জানিত না। টিকা দেওয়া এই স্ত্রীলোকটীর ব্যবসায় ছিল। গবর্ণমেণ্টের আজ্ঞা জ্ঞাত না থাকাতে সে উপরি-উক্ত অপরাধ করে। বনগ্রামের মাজিষ্ট্রেট ইহা জানিতে পাইয়া স্ত্রীলোককে ধরিয়া আনেন। স্ত্রীলোক আপন অপরাধ স্বীকার করে, তবে সে বলে যে সে অজ্ঞাত থাকাতে এই অপরাধ করিয়াছে, সে আর করিবে না। মাজিষ্ট্রেট বাবু তাহাকে দশ টাকা জরি-মানা করেন। স্ত্রীলোক বলে যে সে টিকা দিয়া ॥০ আনা প্রাপ্ত হইয়াছিল, তাহা সে আদালতে উপস্থিত করি-তেছে, দশ টাকা দেওয়ার তাহার সঙ্গতি নাই। কিন্তু মাজিষ্ট্রেটের আজ্ঞা অলংঘনীয়। সেকালে ঋষিরা শাপ দিলে সে শাপেরও নিস্তার ছিল, কিন্তু এখনকার মাজিষ্ট্রেটদিগের শাপের আর নিস্তার নাই। স্ত্রীলো-কটি দশ টাকা দিতে অশক্ত হয়। মাজিষ্ট্রেট বাবু তাহার ঘর দরজা বিক্রয় করিয়া টাকা সংগ্রহ করিতে বলেন। তাহার যথা সর্ব্বস্ব বিক্রয় হইয়া দুই টাকা কি তিন টাকা সংগ্রহ হয়, বাকি টাকার নিমিত্ত মাজি-ষ্ট্রেট তাহাকে ফাটকে দেন কি কি করেন তাহা আমরা জানি না যে টিকা লইয়া মাজিষ্ট্রেট বাবু এত করেন ইংলণ্ডের বিখ্যাত মন্ত্রী তৎ সম্বন্ধে লিখিয়াছেন, যে গবর্ণ-মেণ্ট অকারণে অনেক সময় প্রজার স্বাধীনতার উপর হস্তক্ষেপ করেন, বাধ্য করিয়া টিকা দেওয়া তাহার একটী প্রধান উদাহরণ।

—প্রসিদ্ধ বন্দুক নির্ম্মাতা ক্রুপ সাহেবের কারখানা ২১০০ বিঘা জমি লইয়া বিস্তৃত এবং সেখানে ১২ হাজার মজুরে কাজ করে। এই কারখানার মধ্যে ৫ মাইল বিস্তৃত একটী রেলওয়ে ও ২ মাইল বিস্তৃত একটী ট্রাম ওয়ে আছে। তার যোগে উহার নানা অংশের সহিত পরস্পর যোগ আছে। ক্রুপ সাহেবের নির্ম্মিত বন্দুকের নাম ক্রুপ বন্দুক।

—ডেলি টেলিগ্রাফ একটী উত্তম প্রস্তাব করিয়াছেন। তিনি বলিয়াছেন যে যখন কুইন এম্প্রেস উপাধি গ্রহণ করিবেন সেই উপলক্ষে ভারতবর্ষের স্বাধীন রাজা দিগকে ডিউক উপাধি প্রদান করা কর্ত্তব্য। টেলিগ্রাফের আর একটি প্রস্তাব করিতে ভুল হইয়াছে। তাহার প্রস্তাব করা উচিত ছিল যে এম্প্রেস উপাধি গ্রহণ কালে স্বাধীন রাজাদিগকে ডিউক উপাধি প্রদান করা কর্ত্তব্য এবং ভারতবাসীদিগকে দাস বলিয়া সম্বোধন করা উচিত। স্বাধীন রাজাদিগকে ডিউক উপাধি প্রদান করিলে তাহারা সম্মানিত হইবেন যে ইংরাজ ইহা মনে করিতে পারেন, তিনি দাস উপাধি দ্বারা ভারতবাসী সন্তুষ্ট হইবে ইহা ও ভাবিতে পারেন।

—অশ্বারোহী সৈন্যদের অশ্ব পৃষ্ঠে অবস্থিতি করিয়া যুদ্ধ করার রীতি আছে, কিন্তু সম্প্রতি এ রীতির পরিবর্ত্তন করার প্রস্তাব হইতেছে। এখন যুদ্ধ নিপুণ ব্যক্তিরা বলিতেছেন যে অশ্বারোহী গমন কালে যদি অশ্ব পৃষ্ঠে অবস্থিতি করিয়া যুদ্ধ কালে অশ্ব হইতে অবতরণ করিয়া যুদ্ধ করিতে পারে তাহা হইলে অশ্বারোহী এখন যত নৈপুণ্য দেখাইতেছে তাহা অপেক্ষা অধিক নৈপুণ্য দেখাইতে পারিবে। এই নিমিত্ত অশ্বারোহী সৈন্যেরা তাহাদের অশ্বদিগকে সম্পূর্ণ নূতন শিক্ষা প্রদান করিতেছে। তাহারা অশ্বকে এই রূপ শিক্ষা দিতেছে যে অরোহীরা যেখানে ইচ্ছা সেখানে অশ্বারোহণে গমন করিতে পারিবে, ইচ্ছা হইলে অশ্ব হইতে অবতরণ করিয়া শত্রুর সঙ্গে যুদ্ধ করিবে, যত ক্ষণ এই রূপ যুদ্ধ হইবে তত ক্ষণ অশ্ব স্থির হইয়া যোদ্ধার নিকট দণ্ডায়মান থাকিবে, আরোহী ইচ্ছা মাত্র আবার অশ্বারোহণ করিয়া গমন করিতে পারিবে। রুশেরা আবার অশ্বদিগকে অন্য রূপ শিক্ষা দিতেছে। প্রয়োজন হইলে অশ্বারোহীরা অশ্ব অবলম্বন করিয়া নদী সন্তরণ দ্বারা অতিক্রম করিতে পারে, অশ্বদিগকে এই রূপ শিক্ষা দিতেছে। সম্প্রতি তাহারা তাহার একটী পরীক্ষা করে। ৪৬০ হস্ত পরিশর এবং আট হস্ত গভীর একটী নদী এক দল অশ্বারোহী সন্তরণ দ্বারা পার হয়। পার হইবার সময় সর্ব্বাগ্রে ত্রিশটি অশ্ব সন্তরণ দেয় এই অশ্ব গুলি নৌকাতে বন্ধন করা হয়। অশ্বারোহী সৈন্যরা অশ্বের গলদেশ স্থিত কেশ ধারণ করিয়া অশ্বের সঙ্গে সঙ্গে সন্তরণ দেয় এবং নির্ব্বিঘ্নে তিন মিনিটে নদী পার হয়। এই ত্রিশটী অশ্ব পার হইলে সমুদয় অশ্বারোহী সৈন্য দল নদী সন্তরণ দ্বারা পার হয়। এবং ১৫ মিনিটের মধ্যে সমুদয় অশ্ব ও অশ্বারোহীরা নদীর অপর পারে গমন করে। প্রথম ত্রিশটী অশ্ব সন্তরণ কালে নৌকার সাহায্য গ্রহণ করে, তাহার পরে যে অশ্ব সমুদয় পার হয় তাহারা আর কোন সাহায্যই গ্রহণ করে না।

—গত বৎসর মান্দ্রাজ বিভাগে এক হাজার সাত শত তেইশ জন আত্ম হত্যা দ্বারা প্রাণ ত্যাগ করে। ইহার পূর্ব্ব বৎসরে মান্দ্রাজে এক হাজার ৫ শত ৬১ জন আত্ম হত্যা দ্বারা মৃত্যুগ্রাসে পতিত হয়। কিছু দিন হইল বাঙ্গলায় আত্ম হত্যা অতিশয় বৃদ্ধি হয় এখন কমিয়াছে।

—দিল্লীর দরবারে লর্ড লিটন প্রায় ৩ শত ব্যক্তিকে নিমন্ত্রণ করিয়াছেন। ইহাদের সমুদয় ব্যয় তিনি স্বয়ং বহন করিবেন। অভ্যাগতেরা দিল্লীতে যে ১৫ দিন থাকিবেন সে ১৫ দিনই গবর্ণর জেনারেল তাহাদের অতিথি সৎকার করিবেন।

—পূর্ব্বে গবর্ণমেণ্টের অনেক ছাপার কাজ অপরাপর মুদ্রা যন্ত্রে মুদ্রিত হইত কিন্তু এখন আর তাহা হয় না। এখন শুদ্ধ গবর্ণমেণ্টের সমুদয় কাজ তাহারা নিজে মুদ্রাঙ্কন করেন না, রোড্‌সেস, মিউনিসিপ্যালিটি প্রভৃতি যে সমুদয় বিভাগে গবর্ণমেণ্টের কোন রূপ সাক্ষাৎ সম্বন্ধ নাই সে সমুদয় বিভাগের ও ছাপার কাজ গবর্ণমেণ্ট মুদ্রা যন্ত্র হইতে ছাপান হয়। অনেকের বিশ্বাস যে গবর্ণমেণ্টের ইহাতে ক্ষতি ভিন্ন লাভ হয় না। এই নিমিত্ত কহ২ সময়২ গবর্ণমেণ্টকে অন্যান্য কাজের ন্যায় ছাপার কাজ কণ্ট্রাক্ট প্রণালী দ্বারা নির্ব্বাহ করার পরামর্শ দিয়া থাকেন। এই রূপ রাষ্ট্র যে গবর্ণমেণ্ট সম্প্রতি এই প্রণালী অনুসারে কতক পরিমাণে কার্য্য করিবেন স্থির করিয়াছেন। এক খানি মান্দ্রাজ সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে আলাহাবাদে গবর্ণমেণ্টের ছাপার যে সমুদয় কার্য্য আছে তাহা গবর্ণমেণ্ট পাইওনিয়ারের সম্পাদককে ছাপানের নিমিত্ত কণ্ট্রাক্ট দিতেছেন। এটি সত্য কি মিথ্যা সম্বাদ তাহা আমরা জানি না। কিন্তু এটি যদি সত্য হয় তাহা হইলে গবর্ণমেণ্ট নিতান্ত মন্দ পরামর্শ স্থির করেন নাই। এ দেশে গবর্ণমেণ্টকে আর কাহার ও বিরক্ত করার সাধ্য নাই। তাহাদের প্রধান শত্রু সম্বাদ পত্র। এই সংবাদ পত্রদিগকে বাধ্য করার গবর্ণমেণ্ট এ পর্য্যন্ত কোন উপায় আবিষ্কার করিতে পারেন নাই। তাহাদের পক্ষে আইন যত কঠোরই করুন, তাহাদের মুখ একেবারে বন্ধ করা গবর্ণমেণ্টের সাধ্য নাই। সংবাদ পত্র সকল স্বাধীন থাকে অথচ তাহারা কোন বিরুদ্ধাচরণ না করে এই রূপ হইলে গবর্ণমেণ্টের ভাল হয়। অর্থ দ্বারা সম্বাদ পত্র সম্পাদক দিগকে বাধ্য করা সহজ নহে, সে অনেক অর্থের কাজ। আবার সকলে ইহাতে স্বীকৃত না হইতে পারেন। পাইওনিয়ার গবর্ণমেণ্টের এক রূপ বাধ্য আছেন, আবার যদি তিনি ছাপার কাজ গুলি পান, তাহা হইলে আরো বাধ্য হইবেন। গবর্ণমেণ্ট আলাহাবাদে যে উপায়ে পাইওনিয়ারকে বাধ্য করিতেছেন, মনে করিলে এই রূপে কলিকাতা বোম্বাই, মান্দ্রাজ প্রভৃতি অন্যান্য স্থানের সম্পাদকদিগকেও বাধ্য করিতে পারিবেন। ইহাতে গবর্ণমেণ্টের ব্যয় সম্বন্ধে লাভ না হউক অতিরিক্ত ব্যয় পড়িবে না অথচ সম্পাদকদিগের ইহাতে উৎকোচ গ্রহণ করা হইবে না।

—হাইদ্রাবাদের নিজাম সত্য সত্যই দিল্লির দরবারে উপস্থিত হইবেন। গত শুক্রবার সকালে তিনি স্পেশেল ট্রেনে দিল্লি যাত্রা করিয়াছেন। তাহার যাত্রা কালে রেলওয়ে ষ্টেশন জনাকীর্ণ হইয়াছিল। নিজামের সঙ্গে তাহার মাতা, সার সালার জং এবং অন্যান্য অমাত্যরা গমন করিয়াছেন। রেসিডেণ্ট সোমবারে হাইদ্রাবাদ হইতে যাত্রা করিবেন। হলকর এবং নিজাম ভিন্ন আর সকলেই এ পর্য্যন্ত গবর্ণমেণ্ট আহূত দরবারে উপস্থিত হইতেন, লর্ড মেও আসিয়া প্রথম হলকরকে দরবারে লইয়া যান, নিজামকে দরবারে উপস্থিত করিবার নিমিত্ত লর্ড নর্থব্রুক অনেক যত্ন করেন কিন্তু কৃতকার্য্য হইতে পারেন না। এবার লর্ড লিটন ইহাকে দরবারে উপস্থিত করাইলেন। আমি ইংরাজদিগের দরবারে উপস্থিত হই নাই এ কথা এখন আর কেহ বলিতে পারিবেন না।

—১৮৭৮ খৃ অব্দের ১লা আপ্রিলে পারিসের মেলা আরম্ভ হইবে। পৃথিবীর প্রধান২ দেশে এখন মেলা হইতে আরম্ভ হইয়াছে। মেলার উদ্দেশ্য আমোদ আহ্লাদ নহে, দেশের উন্নতি। যে দেশে এই রূপ মেলা হইয়াছে সেই দেশে সেই উদ্যোগে কোন না কোন নূতন বিষয়ের আবিষ্কার হইয়াছে। যে দেশে মেলার অনুষ্ঠান হয় কেবল সেই দেশে এই রূপ শুভ ফল প্রসব করে না, ইহা দ্বারা প্রায় সকল দেশেরই কিছু না কিছু উপকার হয়। আমরা ইতি পূর্ব্বে ভারতবর্ষে এই রূপ একটী মেলা অনুষ্ঠানের প্রস্তাব করি। আমাদের বোধ হয় যদি গবর্ণমেণ্ট এখানে স্বল্পাকারে একটি মেলার অনুষ্ঠান করেন তাহা হইলে ভারতবর্ষের বিশেষ উপকার হইবে এবং অর্থ সম্বন্ধে গবর্ণমেণ্টের লাভ ছাড়া ক্ষতি হইবে না।

—মারগারি সাহেবকে হত্যা করার নিমিত্ত ইংলিশ গবর্ণমেণ্ট যে ক্ষতি ও অপমানগ্রস্ত হন তাহা পূরণ করিবার নিমিত্ত চীন সম্রাট ৬৫০০০০ টাকা দণ্ড দিতেছেন। ইহার এক লক্ষ টাকা মারগারি সাহেবের উত্তরাধিকারীগণ পাইবেন। অবশিষ্ট যাহা থাকিবে তাহা ইহার হত্যার নিমিত্ত, অপর যাহারা ক্ষতিগ্রস্ত হইয়াছেন তাহারা পাইবেন এবং ইহা হইতে গবর্ণমেণ্টের তৎসম্বন্ধে যে ব্যয় হইয়াছে তাহা পরিশোধ হইবে।

—দিল্লির দরবারে ফরেন আফিশ এবং প্রেস ক্যাম্পে যে সমুদয় খাদ্যাদি লাগিবে তাহার সংকুলানের ভার লরি এবং ষ্টেটন নামক ব্যবসায়ীরা গ্রহণ করিয়াছেন। পাতিয়ালার রাজধানী হইতে দুইটি বৃহৎ চন্দ্রাতপ আনয়ন করা হইয়াছে। ফরেন আফিশ ও প্রেস সংক্রান্ত নিমন্ত্রিত ব্যক্তিরা এই তাম্বুর নিম্নে আহারাদি করিবেন। যাহারা হিন্দু অথবা যাহারা সেখানে গিয়া আহার করিতে অসম্মতি প্রকাশ করেন, তাহাদের নিমিত্ত বোধ হয় স্বতন্ত্র বন্দবস্ত হইবে।

—বাঙ্গলায় আপাতত ৬২৪ জন সিবিলিয়ান কাজ করিতেছেন, ইহার ১০৩ জন বিদায় লইয়া ইংলণ্ড গমন করিয়াছেন।

—এই রূপ রাষ্ট্র যে মেলারকোটলা নামক স্থানের নবাব পঞ্জাব গবর্ণমেণ্টের অধীনে য়্যাটাচি পদে নিযুক্ত হইতেছেন। ইনি এই পদে নিযুক্ত হইয়া ইংলণ্ডে সুশিক্ষা প্রাপ্তির নিমিত্ত গমন করিবে।

—টানাতে ক্রিক নামক স্থানে একটী সেতু প্রস্তুত করিবার সময় তথায় পারদ দেখা গিয়াছে। অনেকে অনুমান করিতেছেন সেখানে পারদের খনি আছে কিন্তু এখনও এ খনির কোন অনুসন্ধান পাওয়া যায় নাই।

—দরবার উপলক্ষে লর্ড লিটনকে সন্তুষ্ট করিবার নিমিত্ত এ দেশীয় রাজারা কত কল্পনাই করিতেছেন। আমরা ইতিপূর্ব্বে লিখিয়াছি যে জয়পুরের রাজা গবর্ণর জেনারেলের তাম্বু গ্যাস দ্বারা আলোকিত করিয়া দিবেন। আবার লোহারুর রাজা এই উপলক্ষে পদ্যেতে লর্ড লিটনের জীবন চরিত লিখিয়া তাঁহাকে উপহার প্রদান করিবেন।

—তাঞ্জোরের রাজ মহিষী দিল্লীর দরবারে উপস্থিত হইয়া সেখানে যে সমুদয় বক্তৃতা হইবে তাহা বুঝিতে পারেন এই নিমিত্ত এক জন মেমকে তাঁহার সঙ্গে লইয়া যাইতেছেন। মেম সাহেব হিন্দিতে তাঁহাকে সমুদয় বুঝাইয়া দিবেন।

—মহারাজা হলকর ১০ই তারিখে ইন্দোর ত্যাগ করিয়া দিল্লী যাত্রা করিবেন। তিনি ১৮ই তারিখে দিল্লীতে উপস্থিত হইবেন।

—ক্রফট সাহেব কলিকাতার বিশ্ব বিদ্যালয়ের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

—এ দিকে ইংলিশ গবর্ণমেণ্ট যেরূপ এডেন ও বোম্বাইর দুর্গ সুসজ্জিত করিতেছেন এবং তুর্কিরা কনেষ্টেণ্টিনোপোল এবং অন্যান্য দুর্গ সকল যেরূপ সুসজ্জিত ও সংস্কার করিতেছে রুশেরাও সেইরূপ সিবেষ্টপুলের দুর্গ সুসজ্জিতও সংস্কার করিতেছে। আজ ২০ বৎসর হইল সিবেষ্টপোলে রুশেরা ফারাশিশ ও ইংরাজদিগের নিকট পরাস্ত হয়। এই ২০ বৎসরের মধ্যে ফ্রান্সের গর্ব্ব খর্ব্ব হইয়াছে, তুর্কিরা সেই অবধি আর সজীব হইয়া উঠিতে পারে নাই এবং ইংলণ্ড অতুল ঐশ্বর্য্যশালী হইয়া যুদ্ধ বিগ্রহে আর লিপ্ত হইতে চাহেন না। কিন্তু রুশ গবর্ণমেণ্ট এ কাল পর্য্যন্ত কেবল কিসে তিনি পৃথিবী দিগ্বিজয় করিবেন তাহারই যত্ন করিতেছেন। তাহার এই দিগ্বিজয়ের ইচ্ছা প্রথম নেপোলিয়ান বোনাপার্টি উদ্রেক করিয়া যান। ক্রিমিয়ার যুদ্ধ পরাস্ত হইয়া রুশিয়া কিছু সঙ্কুচিত হয়, কিন্তু আবার তাহারা প্রবল হইয়া উঠিয়াছে। এবার যুদ্ধ যদি আরম্ভ হয় এবং যুদ্ধ যদি রুশেরা পরাস্ত হয় তাহা হইলে মঙ্গল, নতুবা ইহারা কোথায় গিয়া যে ক্ষান্ত দিবে তাহার অনুমানও করা যায় না। ভারতবর্ষ, চিন, জাপান, প্রভৃতি সকল দেশেরই তাহা হইলে বিঘ্ন উপস্থিত হইবার ইউরোপের অদৃষ্টে ও তাহা হইলে কি আছে বলা যায়। হিন্দু শাস্ত্র কারেরা বলেন যে কলিতে মহা প্রলয় হইবে। রুশ যদি যুদ্ধে জয়ী হয় তাহা হইলে এই মহা প্রলয়ের সূত্র পাত হইবে।

পত্র প্রেরকের প্রতি।

শ্রীমানিক চন্দ্র দে, চট্টগ্রাম—বিগত ঝড় সম্বন্ধে লিখেন, “সিদ্ধির চর ও বতুর চর প্রভৃতি দ্বীপ সমূহ হইতে অসংখ্য ২ স্ত্রীলোক ও পুরুষ গৃহের চাল ও বৃহৎ কাষ্ঠ নির্ম্মিত সিন্ধুক অবলম্বন করিয়া বাত্যাবেগে বঙ্গোপসাগর অতিক্রম করিয়া একবারে চট্টগ্রামের উপকুল ভাগে আসিয়া উত্তীর্ণ হয়। সীতাকুণ্ডের সরকারী রাস্তার উভয় পার্শ্বে মনুষ্য, গো, মেষ মহিষ প্রভৃতির মৃত দেহ এক ২ স্থানের রাশীকৃত হইয়া রহিয়াছে, একবারে সমুদায় স্থান পূতি গন্ধময় হইয়া উঠিয়াছে। চট্টগ্রামে খড়ের গৃহ একবারে শূন্য হইয়াছে, এবং যাবতীয় বৃক্ষের শাখা ও পত্র একেবারে শূন্য হইয়াছে। বৃহৎ ২ জাহাজ সমূহকে একেবারে কর্ণফুলী নদীর তটে উত্থিত করিয়া রাখিয়াছে। কর্ণফুলী নদীর উচ্ছ্বসিত হইয়া সদর ঘাটের গোলা হইতে ৩।৪ চারি সহস্র মন তণ্ডুল একেবারে ধৌত করিয়া লইয়া গিয়াছে। লবণের গোলায় জল প্রবেশ করিয়া প্রায় এক লক্ষ টাকার লবণ একেবারে ধৌত করিয়া লইয়া গিয়াছে।”

কুমিল্লা হইতে শ্রীভৈরব চন্দ্র দাস লিখিয়াছেন—“গবর্ণমেণ্ট নিকট চিরানুগত ও উপায়ান্তর বিহীন দাসের ন্যায় আমাদিগের এই প্রার্থনা যে নওয়াখালির যে ২ স্থানে ওলাউঠা আরম্ভ হইয়াছে গবর্ণমেণ্ট সেই ২ স্থানে উত্তম ঔষধ সহ কয়েক জন নেটিব ডাক্তার অতি সত্বর প্রেরণ করুন, গ্রামের মধ্যে ও সর্ব্ব সাধারণের গমনীয় পথের নিকট স্থানে ২ যে অসংখ্য মৃত মনুষ্য ও পশ্বাদির গলিত দেহ পড়িয়া রহিয়াছে তাহা স্থানান্তরিত করুন, কিম্বা গর্ত্ত করিয়া পুতিয়া ফেলুন; স্থানে ২ কূপ অথবা চৌবাচ্চা খনন করিয়া প্রজা পুঞ্জের জল কষ্ট নিবারণ করুন: এবং সর্ব্বাপেক্ষা গুরুতর প্রার্থনা এই যে জল প্লাবিত দেশের জমিদারগণকে বর্ত্তমান সনের বাকি রাজস্বের দায় হইতে চির বন্দবস্তী মহাল বলিয়া যদি এক কালীন অব্যাহতি দেওয়া না হয় তবে তাহাদিগের প্রতি ন্যায়মতে অন্ততঃ এই অনুগ্রহটুক প্রকাশ করুন যে তাহাদিগের রাজস্ব এই বৎসর না লইয়া আগামী সনের কয়েক কিস্তির উপর উহা ভাগ করিয়া লওয়া যাউক: এবং নিম্নস্থ প্রজাগণের প্রতিও এইরূপ অনুগ্রহ প্রকাশ করিতে উক্ত জমিদারগণকে অঙ্গীকারাবদ্ধ করা হউক। যদি সার রিচার্ড টেম্পল এই প্রদেশ পরিদর্শন কালীন প্রজাগণের বর্ত্তমান দুরবস্থার প্রতি বিশেষ মনোযোগের সহিত দৃষ্টি করিয়া থাকেন তবে আমাদিগের উল্লিখিত প্রার্থনা কয়টি পূর্ণ করিলে দিল্লীর দরবারে ভারতের যে উপকার হইবে, ইহাতে তদপেক্ষা যে সহস্র গুণে অধিকতর উপকার হইবে তাহা তিনি স্বীকার না করিয়া পারেন না।”

মদনমোহন গুপ্ত, নেটিব ডাক্তার, সাহেবগঞ্জ ষ্টেশন, ১৮৬৮—“হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ে উদাসীন দত্ত মহৌষধের বিজ্ঞাপন দেখিয়া কলিকাতা, ভবানীপুর, চড়কডাঙ্গা কালী মোহন বন্দ্যোপাধ্যায়ের ঠিকানায় উক্ত হেম চন্দ্র বাবুকে রেজেষ্টরি করিয়া ২৪এ নবেম্বর দিবসে ১০ দশ টাকা পাঠাইয়া দিয়াছি। পরে ঔষধ বা পত্রের প্রত্যুত্তর না পাওয়ায় প্রায় ৫।৬ দিন অতীত হইল স্মরণার্থ আর এক খান পত্রও পাঠাইয়াছি। কিন্তু এ পর্য্যন্ত কিঔষধ কি পত্রের জবাব কিছুই পাইলাম না। ইহাতে অত্যন্ত সন্দেহ উপস্থিত হওয়াতে আপনাকে জিজ্ঞাসা করিতেছি যে আপনি যদি ঐ ব্যক্তিকে একবার জিজ্ঞাসা করেন তাহা হইলে বড় উপকৃত হই।” বিজ্ঞাপন দাতা অনুগ্রহ করিয় পত্র প্রেরককে পত্র লিখিবেন।

শ্রীক—রঘুনাথ গঞ্জ লিখেন, “জঙ্গীপুরের মুন্সেফী আদালতের জনৈক উকীল বাবু কৃষ্ণবল্লভ রায় মহাশয় ... মাত্র পরোপকার ব্রতে কৃত সংকল্প হইয়া প্রাণপণ চেষ্টায় সদনুষ্ঠানে রত আছেন। বিগত দুর্ভিক্ষে সাধ্যানুসারে আনুকুল্য করিতে ক্রটী করেন নাই। আবার পাঁচ ছয় শত টাকা ব্যয় করিয়া একটি বাটী প্রস্তুত করত গত বৎসর অত্রত্য ডিস্পেন্সরির জন্য দান করায় সর্ব্ব সাধারণের শ্রদ্ধার ভাজন হইয়াছেন।”

শ্রীঃ—বুদ্‌বুদ। “বুদ্‌বুদ সবডিবিজনের সুযোগ্য ডিপুটী মাজিস্ট্রেট শ্রীযুত কৃষ্ণপ্রসাদ ঘোষ মহাশয়ের সুশাসনে ও কার্য্য দক্ষতায় আমরা যার পর নাই বাধিত হইয়াছি। এক্ষণে প্রার্থনা করি যে উক্ত ডেপুটী বাবু এই মহকুমায় চিরস্থায়ী হইয়া দিন দিন আমাদের সুখবর্দ্ধন করুন।”

শ্রীভুক্তভোগী—লিখেন “মহকুমা বশীরহাট, ষ্টেশন বাদুড়িয়ার অন্তর্গত তারাগুনীয়া নামে একটী ভদ্রপল্লী আছে। এখন এই গ্রামে এরূপ জঙ্গল হইয়াছে যে পথ ঘাট কিছুই নাই, কাহারও বাটী যাইতে হইলে প্রাণ হাতে করিয়া যাইতে হয়, মহাশয়, আমরা ত ট্যাকস দেই তবে আমাদের গ্রামের জঙ্গল গুলি কেন না পরিষ্কৃত হয়? যদি বলেন তোমাদের ত মেম্বর আছেন তাঁরা এবিষয়ে যত্ন করেন না কেন? তাঁহারা যত্ন করেন না কেন তাঁহারাই জানেন। তবে ট্যাকস বৃদ্ধির রায়ে তাঁহারা বেশ রায় দিতে পারেন। কিন্তু দেশ যে জঙ্গলে উৎসন্ন গেল তার বেলা কথা নাই। এই সময় শৃগাল ও সর্প দংশনে কতক গুলি লোক গেছে। তবে ভরসার মধ্যে এই যে মান্যতম দেশ হিতৈষী দয়াশীল সুযোগ্য বশীরহাটের ডিপুটী বাবুর কর্ণে এই গ্রামের এই রূপ দুরবস্থারকথা প্রবেশ করিলে ইহার অবশ্যই প্রতিবিধান হইবে। এখন ভরসা আপনার পত্রিকা, এই ভরসায় আপনার আশ্রয় গ্রহণ করিলাম।”

এক জন হিতৈষী, পাবনা। দোগাছীর থিয়েটরের অভিনয়ের প্রতি বিরক্ত হইয়া এক খানি নিরতিশয় দীর্ঘ পত্র লিখিয়াছেন। পত্র প্রেরক রঙ্গ ভূমির সম্পাদককে সম্বোধন করিয়া বলেন “পুনর্ব্বার এ রূপ লোকের নিকট হাস্যাস্পদ হইতে তাঁহার যেন অভিরুচি না হয়।”

জনৈক হিন্দু, জামালপুর। আপনার পত্র খানি প্রকাশ করা আমাদের বিবেচনা হইল না।

বহরমপুরী ক্লা, মোজঃকরপুর—লিখেন “গত ২ বৎসর কাল এই গ্রামের পশ্চিম দক্ষিণাংশে একটী ব্রাঞ্চ পোষ্টাফিস ছিল। এই পোষ্টাফিসটী থাকায় কেবল এই গ্রামের নহে অন্যান্য নিকটস্থ গ্রামবাসীদিগের যে কিপর্য্যন্ত উপকার হইত তাহা বলা যায় না। সংপ্রতি কয়েক মাস হইতে উক্ত পোষ্ট আফিসটী অকস্মাৎ বন্ধ হইয়াছে। কারণ উক্ত ডাক কর্ম্মচারীটীর কোন স্থানে একটী উত্তম কর্ম্ম হওয়ায় তিনি কর্ম্মে ইস্তাফা দিয়া চলিয়া যান। কিন্তু তদবধি আমাদের দুর্ভাগ্য বশতঃ অন্য কেহ আসিল না পোষ্ট আফিসটী অদ্যাবধি খোলা হইল না। এই পোষ্ট আফিসটী স্থাপন হইবার পূর্ব্বে উক্ত স্থানে একটি পত্রাদি দিবার বাক্‌স ছিল, প্রত্যহ ডাক রওনা হইবার পূর্ব্বে সহর হইতে এক জন পিওন আসিয়া বাক্‌স হইতে পত্রাদি লইয়া যাইত। সংপ্রতি বাক্‌সটীর বন্ধ হইয়াছে, কোন পিওনও আইসে না আর কেহ পত্রাদিও দেয় না। ইহাতে সাধারণের বড়ই অসুবিধা হইয়াছে। পোষ্ট আফিসটী উঠিয়া যাওয়ায় সকলেরই অত্যন্ত কষ্ট হইয়াছে। আমরা সাহস করিয়া ... পারি এখানে একটি পোষ্ট আফিস থাকিলে গবর্ণমেণ্টের কখনই ক্ষতি হইতে পারে না, বরং লাভ হইতে পারে। বহরমপুরা অত্যন্ত ক্ষুদ্র গ্রাম নহে এটি সহর তুল্য প্রায়, এখানে সকলই ভদ্র লোক, ইতর লোক অতি কম। এক্ষণে কৃতাঞ্জলীপূর্ব্বক ইনস্পেক্টার পোষ্ট মাষ্টার জেনারেল সমীপে নিবেদন যেন এই স্থান বাসীদিগের প্রতি কৃপা দৃষ্টি করিয়া উক্ত ব্রাঞ্চ পোষ্ট আফিসটি পুনঃ স্থাপনের আদেশ দেন।”

প্রেরিত।

দরবার এবং দুর্ভিক্ষ সম্বন্ধে একটী কথা।

আজ কাল ভারতের অবস্থা বড় ভয়ানক। বিন্ধ্যাচলের নিম্ন প্রদেশ হইতে কুমারী পর্য্যন্ত বিস্তীর্ণ ভূভাগে দুর্ভিক্ষ করাল মুখ ব্যাদান করিয়া বিচরণ করিতেছে। কত শত লোক এই রাক্ষসীর উদরস্থ হইতেছে তাহার সংখ্যা নাই। পেটের দায়ে কত লোক প্রাণ সম পুত্র কন্যাকে বিক্রয় এবং সময়ে সময়ে বিনাশ করিতেও কুণ্ঠিত হইতেছে না। এ ছাড়া আরও কত প্রকার রোমহর্ষণ ব্যাপার সম্পাদিত হইতেছে তাহার ইয়ত্তা নাই। এ দিকে পূর্ব্ব বাঙ্গলা প্রকৃতির কোপে উৎসন্ন গিয়াছে। তথায় অধিকাংশ গ্রামই প্রাণী শূন্য হইয়া হা হা করিতেছে। সহস্র২ প্রাণী সাগর গর্ভে বিলুপ্ত হইয়াছে। সহস্র২ মানব বাত্যা বিতাড়িত হইয়া কোথায় কি রূপে আশ্রয় পাইয়াছে তাহার নিশ্চয় নাই। যে হতভাগারা এই দারুণ বাত্যা এবং জল প্লাবনে রক্ষা পাইয়াছে তাহাদের দুঃখের সীমা নাই। তাহাদের দাঁড়াইবার স্থান নাই, উদর পুরণের উপায় নাই, ঘর দুয়ার খাদ্য সামগ্রী জলে ভাসিয়া গিয়াছে। এখন তাহারা দেশে দেশে ভিক্ষা মাগিয়া বেড়াইতেছে। তাহার উপর আবার শুনিতেছি দস্যুর অত্যাচার। এমন ঘোরতর দুঃসময়ে ভারতের বিধাতারা এক সাম্রাজিক সভার আনন্দে উন্মত্ত হইয়া বেড়াইতেছেন। দেশের আবাল বৃদ্ধ বনিতা, আপামর সাধারণ সকলে উর্দ্ধ কণ্ঠে চীৎকার করিয়া বলিতেছে, সম্বাদ পত্রের সম্পাদকেরা কর পুটে প্রার্থনা করিতেছে;—হে ভারত বিধাতৃগণ! আমরা বিবিধ সাময়িক উৎপাতে উৎপীড়িত হইতেছি আপনারা কিছু দিনের জন্য আমোদ, উৎসব বন্ধ করিয়া আমাদিগকে রক্ষা করুন, আপনারাই আমাদের মা বাপ, আপনারা এই সকল বিপদে না রাখিলে আর কে রাখিবে?

এই হৃদয়বিদারক ধ্বনি তাঁহাদের কর্ণে প্রবেশ করিল না! আমরা ক্রমেই দেখিতেছি দরবারের আয়োজন ক্রমশঃ সম্পূর্ণ হইতেছে। বিভাগীয় কমিশনারগণ দিল্লিতে আপন আপন তাম্বু পাঠাইতে আদেশ পাইয়াছেন। দেশীয় রাজা এবং সর্দ্দারগণ নিমন্ত্রণ পাইয়া দরবার দর্শনের সাজ সজ্জায় ব্যতিব্যস্ত হইয়াছেন। আর আমরা দরবার স্থগিতের আশা করিতে পারি না। তবে এখনও যদি গবর্ণমেণ্ট কোটি২ লোকের কথায় কাণ দিয়া উৎসব সম্পাদনে বিরত হয়েন তবে আমাদের পরম সৌভাগ্য বলিতে হইবে। গবর্ণমেণ্ট যে বর্ত্তমান দুর্ভিক্ষ এবং ঝটিকার কোন খবর লন না একথা আমরা বলি না। তাঁহারা রাজা আমরা প্রজা; রাজা যদি প্রজার দুঃসময়ের খবর না লন তবে আর কে লইবে? অবশ্য লেফটেনেণ্ট গবর্ণর স্বচক্ষে বাত্যা পীড়িত দেশ পরিদর্শন করিয়াছেন এবং তথায় সাহায্য প্রদানেরও অনেক উপায় হইতেছে। আর দক্ষিণের দুর্ভিক্ষ দেখিয়াও তাঁহারা নিশ্চিন্ত নাই, নিবারণের বিশেষ চেষ্টা করিতেছেন। তবে কথা কি, রাজ পুরুষদের মন এখন দরবারের প্রতি যত পরিমাণে নিয়োজিত তত আর কোন বিষয়েই নহে। আর এক কথা। ব্রিটনেশ্বরীর রাজ রাজেশ্বরী উপাধি ধারণ ভারতবাসীর পক্ষে বড় আনন্দের বিষয়; কিন্তু হায়! আজ সেই আনন্দে আমাদের হৃদয় উন্মত্ত হইল না, মুখ প্রফুল্ল হইল না। দুর্ভিক্ষ এবং বাত্যা প্রপীড়িত ভ্রাতৃ বৃন্দ চারি দিকে হাহাকার করিতেছে, সেই কণ্ঠের আর্ত্তনাদ ... শুনিতেছি! আমরা কোন প্রাণে উৎসবোন্মত্ত হইব? যদি কোন শান্তির সময়ে এই উৎসব অনুষ্ঠিত হইত তবে আমরা অন্তরের আহ্লাদ প্রকাশ করিতে সমর্থ হইতাম।

আমরা এই অবসরে বাঙ্গালিদিগকে একটি বিষয় স্মরণ করাইয়া দিতেছি। বিগত ২২এ নবেম্বরের ইংলিশম্যান পাঠে অবগত হইলাম যে বম্বে গেজেট তৎ প্রদেশের দুর্ভিক্ষ নিবারণার্থ অর্থ সংগ্রহের উপায় নির্দ্ধারণ করিতে গিয়া বলিয়াছেন যে দুর্ভিক্ষ সাধারণের শত্রু ইহা আজ বম্বে মান্দ্রাজে বিরাজ করিতেছে, আর এক দিন পঞ্জাবে এবং অন্য দিন রাজপুতনায় যাইতে পারে। সুতরাং দাক্ষিণাত্য বাসীরা এই শত্রুর হস্ত হইতে আপনাদিগকে উদ্ধার করণার্থ সর্ব্ব সাধারণের মনোযোগের উপর দাবি করিতে পারেন। উক্ত পত্রিকা আরও বলেন যে ১৮৭৩ সালে বাঙ্গলার যখন দুর্ভিক্ষ হয় তখন বম্বে হইতে চাঁদা সংগৃহীত হইয়াছিল বঙ্গবাসীগণ তার যোগে দিবানিশী দাক্ষিণাত্যের অকাল

সম্বাদ শুনিয়া। ও যখন এ কাল পর্য্যন্ত ইহার প্রতি মনোযোগ করেন না তখন বোধ হইতেছে যে তাঁহারা এ রূপ দুর্ভিক্ষের অস্তিত্বের প্রতি সম্যক বিশ্বাস করেন না। অবশেষে পত্রিকা প্রকাশ্য ভাবে বঙ্গবাসী বন্ধুদের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছেন। বাস্তবিক বম্বে এবং মান্দ্রাজবাসীদিগকে বর্ত্তমান দুর্ভিক্ষে সাহায্য করিতে চেষ্টা করা বঙ্গবাসীর কর্ত্তব্য। না করিলে তাঁহাদের কলঙ্ক আছে। আমরা তাঁহাদিগকে ১৮৭৩ সালের উপকারের প্রত্যুপকার করিতে বলিতেছি না; তাঁহাদের নিস্বার্থ ভাবে সাহায্য করা উচিত; কেননা দাক্ষিণাত্যবাসী আর বঙ্গবাসী পরস্পর ভ্রাতৃত্ব সূত্রে আবদ্ধ সকলেই এক জননীর সন্তান, একের দুঃখ অপরের অসহ্য হওয়া উচিত। তবে বঙ্গবাসীগণ আজ কাল এক অভিনব বিপদে ব্যতিব্যস্ত হইয়াছেন। পূর্ব্ব বাঙ্গলা বঙ্গবাসীর অর্দ্ধেক হৃদযন্ত্র। আজ তাঁহাদের হৃদয়ের সেই অর্দ্ধাংশে দারুণ আঘাত লাগিয়াছে। বাঙ্গালী এখন বেদনায় অস্থির। পূর্ব্ব বাঙ্গলা বাঙ্গালীর শস্যাগারের শস্যরাশী প্রকৃতির প্রচণ্ড নিশ্বাসে কোথায় উড়িয়া গিয়াছে। সেখানেও দুর্ভিক্ষ এবং মহামারী উপস্থিত হইয়াছে। বোধ হয় সমস্ত বঙ্গ দেশ এবার একটি ক্ষুদ্র দুর্ভিক্ষের হস্ত এড়াইতে পারিবে না। যাহা হউক এ রূপ অবস্থাতেও বঙ্গবাসীর বম্বে এবং মান্দ্রাজের দুঃখ দূরী করণের সাহায্য করা উচিত, অন্ততঃ তাঁহাদের দুঃখের সম দুঃখী ও হওয়া উচিত।

ধানওয়ার।

শ্রীভগবতী চরণ ঘোষ।

বিজ্ঞাপন।

TREATISE

On the modern History of the Indian Chiefs, Rajas, Zemindars &c. is in the course of compilation.

The compiler has already secured the kind patronage of several Native Chiefs, Rajas and Zemindars with short accounts of their lineage, charitabie Acts &c.

Rajas, Zemindars, and Talookdars who desire to record their names in this work, are solicited to forward to the undersigned at an early date a brief account of their family, together with such informations as may be considered important and nteresting to the public.

Subscription in advance per copy Rs. 4 " "
Packing and postage 1 " " Rs. 5

LOKE NATH GHOSE
No. 254, Upper Chitpore Road
Calcutta.

অপূর্ব্ব সংযোগ বা ইন্দুমতী।
বীররসোদ্দীপক ঐতিহাসিক নাটক।
অঘোর নাথ বন্দ্যোপাধ্যায় প্রণীত।
মূল্য ১ টাকা ডাকমাশুল ৴০

কলিকাতা সংস্কৃত ডিপজিটরী ক্যানিং লাইব্রেরী ৩৭ নং মেছুয়াবাজার আলবার্ট প্রেস চিনাবাজার পদ্ম চন্দ্র নাথের দোকানে প্রাপ্তব্য।

শত্রু সংহার নাটক।
সম্পূর্ণরূপে পরিশোধিত। মূল্য ১ টাকা।

মহালের বন্টন বিষয়ক।
১৮৭৬ সালের ৮ আইন।
মূল্য..........।০ মাশুল ।০

কলিকাতা
চিৎপুর রোড } শ্রীনৃত্য লাল শীল।
৩১৯ নং বটতলা।

" ডাক্তার জি হায়াসা এম ডী
বিখ্যাত ডাক্তার ভন গ্রায়াইফের ছাত্র সকল প্রকার চক্ষু রোগের চিকিৎসক। ৭ নং চৌরিঙ্গি রোডের বাটিতে প্রাতে ৮টা নাগাত ১০টা ও বৈকালে ৩টা নাগাত ৫টা পর্য্যন্ত চিকিৎসার সময়।

অন্তঃপুরের স্ত্রীলোকদিগের ফটোগ্রাফ প্রতিমূর্ত্তি স্ত্রীলোক দ্বারা উঠান। স্বল্প মূল্যে ও অল্প সময়ে উহা সমাধা করা যাইবে।
হেনরী এণ্ড কোং
১৩০ রাধা বাজার

বাটী পরিবর্ত্তন।
শোভাবাজার অপার চিৎপুর রোড নং ২৭৫
শ্রীশশীভূষণ দত্ত
হাইকোর্টের উকিল।

জুলজিকেল গার্ডেন।
আলিপুর।
রাজকীয় প্রাণীবাটিকা উদ্যান
প্রবেশের নিয়ম।

সোমবার.......................৵০
মঙ্গলবার.......................।০
বুধবার..........কেবল মেম্বর এবং দাতব্যকারী ব্যক্তিরাই প্রবেশ করিতে পারিবেন।
বৃহস্পতিবার.......................।০
শুক্রবার.......................।০
শনিবার.......................।০
রবিবার.......................॥০

ছিজেন টিকেট অর্থাৎ ১৮৭৭ সনের ৩০ জুন পর্য্যন্ত বুধবার ভিন্ন অন্য সকল বারে প্রবেশ করিবার টীকেট।

কেবল টীকেট গ্রহিতা গাড়ী, ঘোড়ায় চড়িয়া কি হাটীয়া প্রবেশ করিবার ফিঃ মং ২৫ টাকা

কেবল টীকেট গ্রহিতা ঘোড়ায় চড়িয়া কি হাটীয়া প্রবেশ করিবার ফিঃ মং ১৬ টাকা।

বুধবার কেবল মেম্বর অর্থাৎ যাঁহারা এক শত টাকা দান করিয়াছেন এবং ডোনার যাহারা এক সহস্র টাকা দান করিয়াছেন তাঁহাদিগের জন্য রক্ষিত থাকিবেক।

চান্দাদাতা ভিন্ন ব্যক্তিদিগের গাড়ী ও ঠিকা গাড়ী প্রতি মং ১ টাকা ঘোড়া প্রতি ।০ আনা এবং পাল্‌কি প্রতি ॥০ আনা অতিরিক্ত ফিঃ দিতে হইবে।

কল খোলা হইয়াছে। চান্দাদাতা ব্যক্তিরা ফ্রি, অর্থাৎ ফিঃ ব্যতিত এবং অপর সাধারণ ব্যক্তিরা মং ১ টাকা ফিঃ দিলে প্রবেশ করিতে পারিবেন।

প্লেসরবোর্ট অর্থাৎ বিলাস তরণীর ভাড়া প্রতি ঘণ্টায় এক টাকা মং ১৲।

ইউরোপীয় এবং এতদ্দেশীয় ব্যক্তিদিগের আহারাদি করিবার গৃহ খোলা হইয়াছে।

মেম্বর এবং ডোনার অর্থাৎ দাতব্যকারী ব্যক্তিরা প্রত্যহ সপরিবারে ড়িনিয়া গাফ্রি অর্থাৎ ফিঃ ব্যতিত প্রবেশ করিতে পারিবেন।

H. M. Tobin
Hon. Secretary.

নীল নাল নীল!

আমাদিগের হাটে নীল বটিকা বিক্রয় হয়। যাহারা অপরাপর স্থানে বিক্রয় করেন তাঁহাদিগের নিকট প্রার্থনা করি যে তাঁহারা একবার আমাদিগের হস্তে অর্দ্ধেক ও অপরের হস্তে অর্দ্ধেক মাল দিয়া বিক্রয়ের তারতম্য বুঝিবেন। আর আমরা উচ্চ দরে বেচিতে পারিলে পরে যেন আর অপরকে দেন না। হাট খরচা টাকা শত করা এক টাকা ও বাকস এক টাকা।

শ্রীপ্রাণনাথ দত্ত এণ্ড কোং
২৭ নং পলকষ্ট্রীট কলিকাতা।। (১)

আলায়ান্স স্পিনিং এণ্ড উইভিং
কোম্পানি লিমিটেড।
সিল্ক্ অর্থাৎ রেসম বিভাগ।

এত দ্বারা সর্ব্ব সাধারণকে বিজ্ঞাপন দেওয়া যাইতেছে যে, অর্ডার পাইলে আমরা যে কোন প্রকার রেসমের দ্রব্য প্রস্তুত করিয়া দিতে পারি। বিবিধ প্রকার দ্রব্য আমাদের নিকট মজুদ আছে। সেলাই করিবার রেসমের সুতা আছে। উক্ত কোম্পানির প্রধান আফিশ ৭ নং চার্চ্চ গেট বোম্বাই। তাহাদের কলিকাতার এজেন্ট মেসর্স এন নেসুয়ানজি এণ্ড কোং, ৪৪ নং ষ্ট্রিট। অন্যান্য বিষয় নিম্ন লিখিত ব্যক্তিদের নিকট বোম্বাইয়ে লিখিলে জানিতে পারিবেন।

তাপিদাস ব্রজদাস এণ্ড কোং।
সেক্রেটারি ও ট্রেজারার।

কুমার রাজেন্দ্র নারায়ণ রায় বঙ্গসাহিত্য সমালোচনা নামে একটী সভা সংস্থাপন করিয়াছেন। বান্ধব সম্পাদক বাবু কালী প্রসন্ন ঘোষ এই সভার সম্পাদক হইলেন। বঙ্গ সাহিত্যসংসারে প্রতি বৎসর যে সকল পুস্তক প্রচার হয় তন্মধ্যে উপযুক্ত গ্রন্থকারদিগকে বৎসরান্ত পারিতোষিক প্রদত্ত হইবে। গ্রন্থকারগণের উৎসাহ বর্দ্ধনার্থ কুমার স্বয়ং ইহার ব্যয় ভার বহন করিবেন।

শ্রীমদনমোহন মুখুয্যা
কার্য্যাধ্যক্ষ
জয়দেবপুর ঢাকা

হোমিওপেথিক!

বেঙ্গল হোমিও পেথিক ফারমেসি।
(শিয়ালদহ রেলওয়ে ষ্টেশনের সম্মুখে।
১ নং আপর সারকুলর রোড, কলিকাতা।

এখানে সকল প্রকার প্রয়োজনীয় হোমিওপেথিক ঔষধি, গৃহ চিকিৎসার এবং ব্যবসায়ীদিগের নিমিত্ত সাধারণ এবং বিশেষ২ পীড়ার বাঙ্গলা ও ইংরাজি ব্যবস্থা পুস্তকসহ নানাপ্রকার উৎকৃষ্ট বাক্স, পুস্তক এবং অন্যান্য সহকারী দ্রব্য সমুদয় অতি সুলভ মূল্যে হোলসেল ও রিটেল প্রাপ্ত হওয়া যায়। আমাদিগের দ্রব্যাদি সমুদয় নূতন বিলাত হইতে আসিয়াছে

ওলাউঠার বাক্স।
১২ শিশি (গৃহোপযোগী) সমেত ব্যবস্থা পুস্তক মূল্য
২৪ শিশি পূর্ণ (চিকিৎসকোপযোগী পুস্তক ১০
রুবিনির ক্যাম্ফার (ওলাউঠার প্রতিনিষেধক) সমেত ব্যবস্থা পত্র ১
জল পরিস্কার করিবার পকেট ফিলটার ৫
জ্বর পরীক্ষার যন্ত্র ৭

লালবিহারি মিত্র এবং কোং
হোমিওপেথিক চিকিৎসক ও কেমিষ্ট।

অর্শরোগের অব্যর্থ মহৌষধ!
১১দিবস ব্যবহারে সম্পূর্ণ আরোগ্য হইতেছে।
মূল্য ১/৫ আনা ডাক মাশুল দেড় আনা
শ্রীকরালচন্দ্র চট্টোপাধ্যায়
৪৮নং মলঙ্গা লেন, বহু বাজার, কলিকাতা।

☞এই পত্রিকা কলিকাতা, বাগবাজার আনন্দ চন্দ্র চাটুর্য্যের গলি ২ নং বাটী হইতে প্রতি বৃহস্পতিবার শ্রীচন্দ্র নাথ রায় দ্বারা প্রকাশিত হয়।